# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০২.২৩.১৯২৩

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন চর সাগরদী আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্নিং বডির সভাপতির বিরুদ্ধে অভিযোগ বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন চর সাগরদী আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্নিং বডির সভাপতির বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে অধ্যক্ষ জনাব মোঃ আব্দুর রহিম একখানা অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অভিযোগকারীর অভিযোগ বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো

১১-১২-২০২৩
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-58616681)
chairman@bmeb.gov.bd

জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, নরসিংদী।

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০২.২৩.১৯২৩/১(৫)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী;
২। উপজেলা নির্বাহী অফিসার,মনোহরদী, নরসিংদী;
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী;
৪। অধ্যক্ষ (অভিযোগকারী), চর সাগরদী আলিম মাদ্রাসা, মনোহরদী, নরসিংদী এবং
৫। পি ও টু চেয়ারম্যান/পি ও টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

১১-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) 112636.1

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

মোবাইলঃ ০১৭১৪৭২০৮৩৪

# চর সাগরদী আলিম মাদ্‌রাসা

পোঃ রামপুর বাজার, উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।
স্থাপিতঃ ১৯৫০ খ্রিঃ

| | |
|---|---|
| মাদ্‌রাসা কোড | - ১১৪৩৫ |
| ইন নম্বর | - ১১২৬৩৬ |
| পোঃ কোড | - ১৬৫০ |
| থানা কোড | - ১৪১ |
| জেলা কোড | - ১৪ |

স্মারক নং-

তারিখঃ ..২৬/১১/২৩..

বরাবর,
চেয়ারম্যান
মাদরাসা শিক্ষা বোর্ড
২, অরফানেজ রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।

**বিষয় ঃ চর সাগরদী আলিম মাদরাসা গভার্নিং বডির সভাপতি কর্তৃক বিশেষ/হীন উদ্দেশ্য চরিতার্থ করিবার লক্ষ্যে অবৈধ রেজুলেশন করণ-পূর্বক কতিপয় বে-আইনি/নিয়ম বর্হিভূত অবৈধ সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার প্রার্থনা প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি অতি সম্প্রতি বিশ্বস্ত সূত্রে জানতে পারি যে, চর সাগরদী আলিম মাদরাসার গভার্নিং বডির সভাপতি জনাব মাহবুবুর রহমান (জামিল) কর্তৃক আমার অজ্ঞাতে অনুমোদন বিহীন রেজুলেশন খাতায় নিম্নবর্ণিত তারিখ উল্লেখ পূর্বক প্রাতিষ্ঠানিক নিয়ম বহির্ভূত ভাবে কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যাহা সম্পূর্ণরূপে প্রচলিত আইনের পরিপন্থী এবং প্রাতিষ্ঠানিক নিয়মের পরিপন্থীও বটে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, গভার্নিং বর্ডির সদস্য সচিব হিসেবে আমাকে উল্লেখিত রেজুলেশন গ্রহণ করিবার জন্য আহ্বানকৃত সভায় আহ্বান/ডাকা হয়নি এবং উল্লেখিত রেজুলেশনে আমার কোন স্বাক্ষর গ্রহণ করা হয়নি। উপরোক্ত জনাব মাহবুবুর রহমান (জামিল) মাদরাসার নিয়মিত ব্যবহারের দুইটি রেজুলেশন ও একটি নোটিশ খাতা দীর্ঘ দিন যাবৎ তার নিজ হেফাজতে/দখলে নিয়ে রেখেছেন। উল্লেখিত খাতাগুলো বারবার চাওয়া হলেও তিনি তা আমার নিকট বুঝিয়ে দেননি/হস্তান্তর করেননি। তাহার উপরে উল্লেখিত কর্মকান্ডের দরুন মাদরাসার প্রশাসনিক কাজে মারাত্মক ব্যাঘাত ঘটছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে অতিদ্রুত প্রয়োজনীয় আইনানুগ/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য আপনার নিকট সবিনয়ে অনুরোধ জানাচ্ছি।

বিনীত নিবেদক
(স্বাক্ষর) ২৬/১১/২৩
মোঃ আব্দুর রহিম
অধ্যক্ষ
চর সাগরদী আলিম মাদরাসা
মনোহরদী, নরসিংদী
ও
সদস্য সচিব
চর সাগরদী আলিম মাদরাসার গভার্নিং বডি।

মোহাম্মদ আব্দুর রহিম
অধ্যক্ষ,সম্পাদক
চরসাগরদী আলিম মাদ্রাসা
রামপুর,মনোহরদী,নরসিংদী
মোবাঃ-০১৭১৪-৭২০৮৩৪

সংযুক্তি ঃ
১। অবৈধ মিটিং এর রেজুলেশন, ০১/১০/২০২৩ ইং
২। অবৈধ মিটিং এর রেজুলেশন, ১০/১০/২০২৩ ইং
৩। অবৈধ মিটিং এর রেজুলেশন, ১৮/১০/২০২৩ ইং
৪। অবৈধ মিটিং এর রেজুলেশন, ০১/১১/২০২৩ ইং

অনুলিপিঃ
১। জেলা প্রশাসক, নরসিংদী।
২। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৩। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
৪। উপজেলা শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫। অফিস কপি।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

মোবাইলঃ ০১৭১৪৭২০৮৩৪

# চর সাগরদী আলিম মাদ্‌রাসা

পোঃ রামপুর বাজার, উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।
স্থাপিতঃ ১৯৫০ খ্রিঃ

| | |
|---|---|
| মাদ্‌রাসা কোড | - ১১৪৩৫ |
| ইন নম্বর | - ১১২৬৩৬ |
| পোঃ কোড | - ১৬৫০ |
| থানা কোড | - ১৪১ |
| জেলা কোড | - ১৪ |

স্মারক নং-

তারিখঃ ২৫/১১/২৩

বরাবর,
চেয়ারম্যান
মাদরাসা শিক্ষা বোর্ড
২, অরফানেজ রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।

**বিষয় ঃ অবৈধ ভাবে মাদরাসা অধ্যক্ষের সিম উঠাতে না পারে এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রার্থনা প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আব্দুর রহিম অত্র মাদরাসায় ২০০৬ সাল হইতে সুনামের সহিত অধ্যক্ষের দায়িত্ব পালন করে আসিতেছি। সাম্প্রতি আমি বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম মাদরাসার সভাপতি জনাব মাহবুবুর রহমান (জামিল) কোন ধরনের মিটিং এর আহ্বান না করে, বিনা নোটিশে আমার অজান্তে অবৈধ রেজুলেশন বানিয়ে আমাকে সাময়িক বরখাস্ত করে নতুন ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ করে মাদরাসা শিক্ষা বোর্ড বরাবর আমার ব্যবহৃত সিমের পরিবর্তে (আমার ব্যবহৃত সিম নং-০১৩০৯১১২৬৩৬) নতুন সিম উত্তোলনের জন্য আবেদন করতে পারে।

এমতাবস্থায় আমার অজান্তে যেন কোন নতুন সিম উত্তোলন করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রার্থনা জানাচ্ছি।

বিনীত নিবেদক
[signature] ২৫/১১/২৩
মোঃ আব্দুর রহিম
অধ্যক্ষ
চর সাগরদী আলিম মাদরাসা
মনোহরদী, নরসিংদী
ও
সদস্য সচিব
চর সাগরদী আলিম মাদরাসার গভার্নিং বডি।

মোহাম্মদ আব্দুর রহিম
অধ্যক্ষ, সম্পাদক
চরসাগরদী আলিম মাদ্‌রাসা
রামপুর, মনোহরদী, নরসিংদী
মোবাঃ-০১৭১৪-৭২০৮৩৪

সংযুক্তি ঃ
১। মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক বরাবর অভিযোগের অনুলিপি।
২। অবৈধ মিটিং এর রেজুলেশন, ০১/১০/২০২৩ ইং
৩। অবৈধ মিটিং এর রেজুলেশন, ১০/১০/২০২৩ ইং
৪। অবৈধ মিটিং এর রেজুলেশন, ১৮/১০/২০২৩ ইং
৫। অবৈধ মিটিং এর রেজুলেশন, ০১/১১/২০২৩ ইং

বরাবর,
সভাপতি,
চরসাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা,

**বিষয়ঃ নরসিংদী জেলার মনোহরদী উপজেলার চরসাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা এর সভাপতি কর্তৃক বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে প্রেরিত কারন দর্শানোর নোটিশ এর জবাব প্রদান প্রসঙ্গে।**

জনাব,

আপনার জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, আমি মোঃ আব্দুর রহিম, অধ্যক্ষ, চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা, এই মর্মে আপনাকে জানাইতেছি যে, আমাকে বিধি মোতাবেক বিগত ০১/০৮/২০০৬ ইং তারিখের লিখিত মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগ বোর্ডের সুপারিশ ও ০৯/০৮/২০০৬ ইং তারিখের মাদ্রাসা পরিচালনা কমিটির অনুমোদনের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ পদে ৯০০০-১৫৪৮০ টাকার বেতন স্কেলে নিয়োগ প্রদান করা হয়। আমি বিগত ২০/০৮/২০০৬ ইং তারিখে উপরে উল্লেখিত নিয়োগ পত্রের আদেশ প্রাপ্ত হইয়া বিগত ৩১/০৮/২০০৬ ইং তারিখে আমার যোগদান পত্র উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিলে তাহা যথাযথভাবে গৃহীত হয়। আমি বর্তমানে জাতীয় বেতন স্কেল অনুযায়ী ৫ম (পঞ্চম) গ্রেডভুক্ত একজন অধ্যক্ষ হিসাবে উপরে উল্লেখিত প্রতিষ্ঠানে অত্যন্ত সুনামের সহিত দীর্ঘ ১৮ বছর যাবৎ যথাযথভাবে আমার উপর অর্পিত দায়িত্ব পালন করিয়া আসিতেছি বটে।

অত:পর বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে আপনি, সভাপতি, চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা আমাকে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন বটে। নিম্ন লিখিত কারণ এবং হেতুমূলের উপর উল্লেখিত কারণ দর্শানোর নোটিশখানা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি হবে বটে।

০১ যেহেতু আপনি, গভর্নিং বডির সদস্যদেরকে অবহিত না করে কোন ধরনের মিটিং বা সভা আহবান না করে উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০২. যেহেতু আপনি, কোন ধরনের সভা আহব্বানপূর্বক এজেন্ডা বা কর্মসূচি নির্ধারণ না করে এবং গভর্নিং বডির সদস্যদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামত না নিয়ে এবং বিনা অনুমতিতে উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০৩. যেহেতু আপনি উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ এ কোন ধরনের স্মারক নাম্বার এবং আমার নিকট হইতে কোন ধরনের অনুমতি/ আমাকে জ্ঞাত না করিয়া আমার অফিসিয়াল প্যাড ব্যবহার করিয়া, কোন ধরনের তারিখ প্রদান না করিয়া তাহা আমাকে প্রদান করা হয়েছে যাহা সম্পন্ন রূপে আইন বহির্ভূত এবং প্রচলিত নিয়মের লঙ্ঘন বটে সেহেতু উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০৪. বিগত ০৩/০৭/২০২৩ ইং তারিখে এন.টি.আর.সি এ কর্তৃক সুপারিশকৃত নয় এমন পাঁচ জন শিক্ষককে অবৈধভাবে নিয়োগপত্র প্রদান করত: যোগদান সম্পন্ন করিয়া জানুয়ারি, ২০২৩ মাস হইতে শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর করিয়াছেন ইত্যাদি বক্তব্য সম্পূর্ণরূপে মন গড়া এবং বানোয়াট হইবার কারণে আমি সম্পূর্ণরূপে অস্বীকার করছি বটে। অত:পর বিগত ০৩/০৭/২০২৩ ইং তারিখে এন.টি.আর.সি এ কর্তৃক সুপারিশকৃত নয় এমন পাঁচ জন শিক্ষককে অবৈধভাবে নিয়োগপত্র প্রদান করত: যোগদান সম্পন্ন করিয়া জানুয়ারি, ২০২৩ মাস হইতে শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর করিয়াছেন ইত্যাদি বক্তব্য সম্পূর্ণরূপে মন গড়া এবং বানোয়াট হইবার কারণে আমি সম্পূর্ণরূপে অস্বীকার করছি বটে।

চলমান পাতা-০২

পরবর্তীতে আমি অধ্যক্ষ হিসেবে প্রাতিষ্ঠানিক নিয়ম অনুযায়ী উপরে উল্লেখিত এন.টি.আর.সি এ কর্তৃক সুপারিশকৃত নয় এমন পাঁচ জন শিক্ষকগনের নিয়োগপত্র এবং অন্যান্য কাগজপত্রসমূহের বিষয়ে সুনির্দিষ্ট ভাবে রেজুলেশন পাস করি যেখানে আপনারও স্বাক্ষর রইয়াছে বটে এবং পরবর্তীতে উপর উল্লেখিত আবেদনসমূহের যথার্থতা/ সঠিকতা যাচাই-বাছাই করি এবং তাহা এর নির্দিষ্ট ওয়েবসাইটে যাচাই-বাছাই করি এবং যাচাই-বাছাই শেষে শিক্ষকগনের নিয়োগপত্র এবং অন্যান্য তথ্য সঠিক না থাকায় তাহা পরবর্তীতে নির্ধারিত কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হইতে বিরত থাকি, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০৫. যেহেতু আপনি কোন ধরনের এখতিয়ার সম্পূর্ণ আদালত তথা কর্তৃপক্ষ কর্তৃক যাচাই-বাছাই অন্তে সিদ্ধান্ত ছাড়া সভাপতির স্বাক্ষর জালিয়াতি করার অভিযোগ আনায়ন করিয়াছেন যাহা আইন বহির্ভূত এবং প্রচলিত আইনের লজ্ঘন বটে, সেহেতু উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০৬. যেহেতু আপনি কোন ধরনের অভিযোগ এবং অভিযোগ পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত সাপেক্ষে কোন মতামত প্রাপ্ত না হইয়া মাদ্রাসার ছাত্রীদের যৌন হয়রানি করেছেন এহেনও বক্তব্য কারণ দর্শানোর নোটিশে প্রদান করেছেন এবং পরবর্তীতে উপর উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ বিভিন্ন ব্যক্তিগণের মাধ্যমে সামাজিক যোগাযোগ মাধ্যম/ ফেইসবুক/ অনলাইন মিডিয়া ইত্যাদিতে প্রচার করেছেন যাহা সম্পূর্ণরূপে প্রচলিত আইনের লজ্ঘন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বটে, সেহেতু উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছেন, সেহেতু তাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

অতএব, আপনাকে এই মর্মে অনুরোধ করা যাইতেছে যে, আপনি উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ খানা অনতিবেলম্বে নিজ দায়িত্ব প্রত্যাহার করিবেন এবং সকল ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম হইতে আমার সম্পর্কে প্রচারিত মিথ্যা, মানহানিকর, ভুয়া বক্তব্য অনতিবিলম্বে প্রত্যাহার করিবেন অন্যথায় আমি আপনার বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে বাধ্য হইবো।

বিনীত

(মো: আব্দুর রহিম)
অধ্যক্ষ
চর সাগরদী আলিম মদ্রাসা
মনোহরদী, নরসিংদী।
মোবাইল: ০১৭১৪-৭২০৮৩৪।
তাং- ২৩/১০/২০২৩ ইং

মোহাম্মদ আব্দুর রহিম
অধ্যক্ষ,সম্পাদক
চরসাগরদী আলিম মাদ্রাসা
রামপুর,মনোহরদী,নরসিংদী
মোবাঃ-০১৭১৪-৭২০৮৩৪

বরাবর,

সভাপতি,

চরসাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা,

**বিষয়ঃ নরসিংদী জেলার মনোহরদী উপজেলার চরসাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা এর সভাপতি কর্তৃক বিগত ১৬/১০/২০২৩ ও ০৫/১১/২০২৩ইং তারিখে প্রেরিত কারন দর্শানোর নোটিশ এর জবাব প্রদান প্রসঙ্গে।**

জনাব,

আপনার জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, আমি মোঃ আব্দুর রহিম, অধ্যক্ষ, চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা, এই মর্মে আপনাকে জানাইতেছি যে, আমাকে বিধি মোতাবেক বিগত ০১/০৮/২০০৬ ইং তারিখের লিখিত মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগ বোর্ডের সুপারিশ ও ০৯/০৮/২০০৬ ইং তারিখের মাদ্রাসা পরিচালনা কমিটির অনুমোদনের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ পদে ৯০০০-১৫৪৮০ টাকার বেতন স্কেলে নিয়োগ প্রদান করা হয়। আমি বিগত ২০/০৮/২০০৬ ইং তারিখে উপরে উল্লেখিত নিয়োগ পত্রের আদেশ প্রাপ্ত হইয়া বিগত ৩১/০৮/২০০৬ ইং তারিখে আমার যোগদান পত্র উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিলে তাহা যথাযথভাবে গৃহীত হয়। আমি বর্তমানে জাতীয় বেতন স্কেল অনুযায়ী ৫ম (পঞ্চম) গ্রেডভুক্ত একজন অধ্যক্ষ হিসাবে উপরে উল্লেখিত প্রতিষ্ঠানে অত্যন্ত সুনামের সহিত দীর্ঘ ১৮ বছর যাবৎ যথাযথভাবে আমার উপর অর্পিত দায়িত্ব পালন করিয়া আসিতেছি বটে।

অত:পর বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে আপনি, সভাপতি, চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা আমাকে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন বটে। অতঃপর আপনাকে আপনার প্রেরিত কারণ দর্শানোর নোটিশ এর জবাব যথাযথভাবে ডাকযোগে প্রেরণ করি যাহা আপনি যথাযথভাবে গ্রহণ করা সত্ত্বেও পরবর্তীতে আপনার ব্যক্তিগত হীন উদ্দেশ্য এবং ষড়যন্ত্রকে চরিতার্থ করিবার লক্ষে বিধি বহির্ভূতভাবে আমাকে পুনরায় তৃতীয় কারন নোটিশ প্রেরণ করেন যাহা আমি ডাকযোগে গ্রহণ করেছি বটে। যেহেতু আমি আপনার কর্তৃক প্রেরিত প্রথম কারণ দর্শানোর নোটিশ এর জবাব বিধি মোতাবেক প্রদান করেছি এবং পরবর্তীতে আপনি আমার বিরুদ্ধে নতুন করে কোন ধরনের অভিযোগ উত্থাপন তথা আনয়ন করেন নাই সেহেতু আপনার দ্বিতীয় এবং তৃতীয় নোটিশের নতুন কোনো জবাব দেওয়ার আইনগত কোন বাধ্যবাধকতা না থাকায় তাহা প্রদান করা হইতে আমি বিরত রইলাম।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, আপনি কর্তৃক প্রেরিত বিগত ০১/১০/২০২৩ইং তারিখের প্রথম কারণ দর্শানোর নোটিশ খানা আইন বহির্ভূত এবং বিধি বহির্ভূত হইবার কারণে এবং যথাযথ আইনগত

প্রক্রিয়া অনুসরণ করিয়া আমাকে প্রেরণ না করিবার কারণে আমি ইতোমধ্যে তাহা চ্যালেঞ্জ করিয়া চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর বিগত ১৯/১০/২০২৩ইং তারিখে একটি রিপ্রেজেন্টেশন/ দরখাস্ত প্রদান করি বটে যাহা বর্তমানে যথাযথ আইনগত পদ্ধতি অনুযায়ী নিষ্পত্তি করনের অপেক্ষায় রইয়াছে বটে।

অতএব, আপনাকে এই মর্মে অনুরোধ করা যাইতেছে যে, যেহেতু ইতোমধ্যে আপনি আপনার প্রথম কারণ দর্শানোর নোটিসের জবাব যথাযথভাবে গ্রহণ করেছেন এবং যেহেতু আমি আপনি কর্তৃক প্রেরিত কারণ দর্শানোর নোটিশ খানার আইনানোগ বৈধতার বিষয়ে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা বোর্ড বরাবর রিপ্রেজেন্টেশন দাখিল করিয়াছি যাহা নিষ্পত্তির অপেক্ষায় রইয়াছে সেহেতু আপনি আপনার উপরে উল্লেখিত বিধি বহির্ভূতভাবে প্রেরিত প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় কারণ দর্শানোর নোটিশ এর পরবর্তী সমস্ত বেআইনি কার্যক্রম এবং চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড মহোদয় কর্তৃক উপর উল্লেখিত বিষয়ে পরবর্তী আইনগত নির্দেশনা প্রেরণ না করা অবধি যে কোন বেআইনি কার্যকলাপ তথা পদক্ষেপ গ্রহণ করা হইতে বিরত থাকিবেন।

বিনীত

(মো: আব্দুর রহিম)
অধ্যক্ষ
চর সাগরদী আলিম মাদ্রাসা
মনোহরদী, নরসিংদী।
মোবাইল: ০১৭১৪-৭২০৮৩৪।

তাং- ২৬/১১/২০২৩ইং

হাম্মদ আব্দুর রহিম
ক্ষ,সম্পাদক
আলিম মাদ্রাসা
হরদী,নরসিংদী
৭১৪-৭২০৮৩৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম

মোবাইলঃ ০১৭১৪৭২০৮৩৪

# চর সাগরদী আলিম মাদ্‌রাসা

পোঃ রামপুর বাজার, উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।

স্থাপিতঃ ১৯৫০ খ্রিঃ

মাদ্‌রাসা কোড - ১১৪৩৫
ইন নম্বর - ১১২৬৩৬
পোঃ কোড - ১৬৫০
থানা কোড - ১৪১
জেলা কোড - ১৪

স্মারক নং-

তারিখঃ .......................

প্রাপক,

মোঃ আব্দুর রহিম
অধ্যক্ষ
চরসাগরদী আলিম মাদ্‌রাসা
পোঃ রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী।

**<u>বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি মাদ্‌রাসা পরিচালনায় গভর্নিং বডির অজ্ঞাতসারে নিম্ন লিখিত বিধি বর্হিভূত নিয়ম শৃঙ্খলা পরিপন্থি কর্মকান্ড দীর্ঘদিন যাবৎ করিয়া আসিতেছেন।

ক) গভার্নিং বডির সদস্যদের কে অবহিত না করিয়া নিজস্ব মতামতে বিভিন্ন রেজুলেশান সম্পন্ন করিয়াছেন।

খ) গত ০৩/০৭/২০২৩ ইং তারিখে এনটিআরসি এ কর্তৃক সুপারিশকৃত নয় এমন ০৫ (পাঁচ) জন শিক্ষক কে অবৈধভাবে নিয়োগ পত্র প্রদান করত: যোগদান সম্পন্ন করিয়া জানুয়ারি/২০২৩ মাস হইতে শিক্ষক হাজিরা খাতায় স্বাক্ষর করিয়েছেন।

গ) সভাপতির স্বাক্ষর জালিয়াতি করিয়া এমপিও করানোর যাবতীয় ব্যবস্থা গ্রহন করিয়াছেন।

ঘ) মাদ্‌রাসার ছাত্রীদের যৌন হয়রানি করিয়াছেন।

এছাড়া ও বিগত সময়ে আপনার বিরুদ্ধে প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রী কে হয়রানি করার জন্য মৌখিক ভাবে শাসন করা হয়েছে।

এমতাবস্থায় আপনার বিরুদ্ধে এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.১ (গ,ঙ) এবং ১৮.২(ক) ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহন পূর্বক কেন সাময়িক বরখাস্ত করা সহ পরবর্তী ব্যবস্থ্যা গ্রহন করা হবে না, তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে লিখিত জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হইলো।

01-10-2023

মোঃ মাহবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্‌রাসা

মোঃ মাহবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্‌রাসা
মনোহরদী, নরসিংদী।
মোবাঃ ০১৭১৫-২২৮৯৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. জেলা প্রশাসক, নরসিংদী।
২. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫. অফিস কপি।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# চর সাগরদী আলিম মাদ্রাসা

পোঃ রামপুর বাজার, উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।
স্থাপিতঃ ১৯৫০ খ্রিঃ

মোবাইলঃ ০১৭১৪৭২০৮৩৪

মাদ্রাসা কোড - ১১৪৩৫
ইন নম্বর - ১১২৬৩৬
পোঃ কোড - ১৬৫০
থানা কোড - ১৪১
জেলা কোড - ১৪

স্মারক নং-

তারিখঃ ..........................

প্রাপক,

মোঃ আব্দুর রহিম
অধ্যক্ষ
চরসাগরদী আলিম মাদ্রাসা
পোঃ রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী।

**বিষয়ঃ কারণ দর্শানোর ২য় নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি অনৈতিক কর্মকান্ড সহ মাদরাসা পরিচালনার বিধি বর্হিভূত, নিয়ম শৃঙ্খলা পরিপন্থি কর্মকান্ড দীর্ঘদিন যাবৎ করিয়া আসিতেছেন। উক্ত বিষয়ে গত ০১/১০/২০২৩ ইং তারিখের গর্ভনিং বডির সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে ০৭ কর্মদিবসের সময় প্রদান করে জবাব প্রদান করার জন্য কারন দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল, যাহা আপনি গত ০১/১০/২০২৩ ইং তারিখে পেয়েও জবাব প্রদান করেন নাই। এমতাবস্থায় পুনরায় গর্ভনিং বডির সিদ্ধান্ত মোতাবেক গত ০১/১০/২০২৩ ইং তারিখের পত্রের জবাব আগামী ০৫ (পাঁচ) দিনের মধ্যে প্রদান করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

15/10-2023

মোঃ মাহাবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্রাসা

মোঃ মাহবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্রাসা
মনোহরদী, নরসিংদী।
মোবাঃ ০১৭১৫-২২৮৯৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, নরসিংদী।
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৬. অফিস কপি।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

মোবাইলঃ ০১৭১৪৭২০৮৩৪

# চর সাগরদী আলিম মাদ্‌রাসা

পোঃ রামপুর বাজার, উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।
স্থাপিতঃ ১৯৫০ খ্রিঃ

| | |
|---|---|
| মাদ্‌রাসা কোড | - ১১৪৩৫ |
| ইন নম্বর | - ১১২৬৩৬ |
| পোঃ কোড | - ১৬৫০ |
| থানা কোড | - ১৪১ |
| জেলা কোড | - ১৪ |

স্মারক নং-

তারিখঃ ০৫/১১/২০২৩

প্রাপক,

মোঃ আব্দুর রহিম
অধ্যক্ষ
চরসাগরদী আলিম মাদ্‌রাসা
পোঃ রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী।

বিষয়ঃ কারণ দর্শানোর চূড়ান্ত (৩য়) নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার বিধি বর্হিভূত, নিয়ম শৃঙ্খলা পরিপন্থি কর্মকান্ডের জন্য গত ০১/১০/২০২৩ ইং তারিখের গর্ভনিং বডির সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে ০৭ কর্মদিবসের সময় প্রদান করে জবাব প্রদান করার জন্য কারন দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল, যাহা আপনি গত ০১/১০/২০২৩ ইং তারিখে পেয়েও জবাব প্রদান করেন নাই এবং গত ১০/১০/২০২৩ ইং তারিখের গর্ভনিং বডির সভায় পুনরায় গর্ভনিং বডির সিদ্ধান্ত মোতাবেক কারণ দর্শানোর ২য় নোটিশ প্রদান করা হয়, উক্ত নোটিশ আপনি ডাকযোগে প্রাপ্তির পর ও জবাব প্রদান করেন নাই। পরবর্তীতে গত ০১/১১/২০২৩ ইং তারিখের গর্ভনিং বডির সভার সিদ্ধান্ত অনুযায়ী কারন দর্শানোর চূড়ান্ত নোটিশ প্রদান করা হলো। পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে সন্তোষজনক জবাব প্রদান করার জন্য অনুরোধক্রমে নির্দেশ প্রদান করা হলো। অন্যথ্যায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৫/১১/২০২৩
মোঃ মাহাবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্‌রাসা

মোঃ মাহবুবুর রহমান (জামিল)
সভাপতি
চরসাগরদী আলিম মাদ্‌রাসা
মনোহরদী, নরসিংদী।
মোবাঃ ০১৭১৫-২২৮৯৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, নরসিংদী।
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৬. অফিস কপি।

বরাবর,

চেয়ারম্যান,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

**বিষয়: নরসিংদী জেলার মনোহরদী উপজেলার চরসাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা এর সভাপতি কর্তৃক বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে বেআইনি/ আইন বহির্ভূত এবং অবৈধভাবে আমাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আব্দুর রহিম, পিতা- মৃত মো: ছমির উদ্দিন,মাতা- মোসাম্মৎ আমেনা খাতুন, জাতীয় পরিচয় পত্র নম্বর- ৬৮১৫২৮১২৬২১০৪, সাং-আব্দুর রহিম শেখের বাড়ি, গ্রাম ও পোস্ট অফিস- তারাকান্দি ১৬৫০, উপজেলা- মনোহরদী, জেলা- নরসিংদী। আমাকে বিধি মোতাবেক বিগত ০১/০৮/২০০৬ ইং তারিখের লিখিত মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগ বোর্ডের সুপারিশ ও ০৯/০৮/২০০৬ ইং তারিখের মাদ্রাসা পরিচালনা কমিটির অনুমোদনের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ পদে ৯০০০-১৫৪৮০ টাকার বেতন স্কেলে নিয়োগ প্রদান করা হয়। অত:পর আমি বিগত ২০/০৮/২০০৬ ইং তারিখে উপরে উল্লেখিত নিয়োগ পত্রের আদেশ প্রাপ্ত হইয়া বিগত ৩১/০৮/২০০৬ ইং তারিখে আমার যোগদান পত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা মনোহরদী নরসিংদী বরাবর প্রেরণ করিলে তাহা যথাযথভাবে গৃহীত হয়।আমি বর্তমানে জাতীয় বেতন স্কেল অনুযায়ী ৫ম (পঞ্চম) গ্রেডভুক্ত একজন অধ্যক্ষ হিসেবে উপরে উল্লেখিত প্রতিষ্ঠানে সুনামের সহিত দীর্ঘ ১৮ বছর যাবৎ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করিয়া আসিতেছি বটে।বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে উপরে উল্লেখিত চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা এর সভাপতি জনৈক জনাব মোঃ মাহবুবুর রহমান জামিল, পিতা- মৃত মোহাম্মদ মতিউর রহমান, মাতা- মিলি আক্তার,সাং- চর সাগরদী, পোস্ট অফিস- রামপুর বাজার, মনোহরদী, নরসিংদী গভর্নিং বডি এবং ম্যানেজিং কমিটির বিনা অনুমতিতে/ কোন ধরনের মিটিং/এজেন্ডা/ কর্মসূচি এবং রেজুলেশনস ছাড়া সম্পূর্ণ আইন বহির্ভূত এবং অবৈধভাবে আমাকে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন বটে।

**নিম্ন লিখিত কারণ এবং হেতুমূলে উপর উল্লেখিত সভাপতি কর্তৃক আমাকে প্রদত্ত কারণ দর্শানোর নোটিশ খানা অবৈধ ঘোষণা সহ তাহার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিকার প্রার্থনা করছি-**

০১. গভর্নিং বডির সদস্যদেরকে অবহিত না করে, কোন ধরনের মিটিং বা সভা আহবান না করে উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হইয়াছে যাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০২. গভর্নিং বডির সদস্যদের উপস্থিতিতে কোন ধরনের এজেন্ডা বা কর্মসূচি নির্ধারণ না করে এবং গভর্নিং বডির সদস্যদের মধ্যে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামত না নিয়ে এবং বিনা অনুমতিতে উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হইয়াছে যাহা সম্পূর্ণরূপে আইন বহির্ভূত তথা বেআইনি বটে।

০৩. উপরে উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ এ কোন ধরনের স্মারক নাম্বার এবং আমার নিকট হইতে কোন ধরনের অনুমতি/ আমাকে জ্ঞাত না করিয়া আমার অফিসিয়াল প্যাড ব্যবহার করিয়া, কোন ধরনের তারিখ প্রদান না করিয়া তাহা আমাকে প্রদান করা হয়েছে যাহা সম্পন্ন রূপে আইন বহির্ভূত এবং প্রচলিত নিয়মের লঙ্ঘনও বটে।

০৪. কোন ধরনের এখতিয়ার সম্পূর্ণ আদালত তথা কর্তৃপক্ষ কর্তৃক যাচাই-বাছাই অন্তে সিদ্ধান্ত ছাড়া সভাপতির স্বাক্ষর জালিয়াতি করার অভিযোগ আনায়ন করিয়াছেন যাহা আইন বহির্ভূত এবং প্রচলিত আইনের লঙ্ঘন বটে।

০৫. কোন ধরনের অভিযোগ এবং অভিযোগ পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত সাপেক্ষে কোন মতামত প্রাপ্ত না হইয়া মাদ্রাসার ছাত্রীদের যৌন হয়রানি করেছেন এহেনও বক্তব্য কারণ দর্শানোর নোটিশে প্রদান করেছেন এবং পরবর্তীতে উপর উল্লেখিত কারণ দর্শানোর নোটিশ বিভিন্ন ব্যক্তিগণের মাধ্যমে সামাজিক যোগাযোগ

মাধ্যম/ ফেইসবুক/ অনলাইন মিডিয়া ইত্যাদিতে প্রচার করেছেন যাহা সম্পূর্ণরূপে প্রচলিত আইনের লজ্ঘন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বটে।এখানে আরো উল্লেখ আছে, উপরে উল্লেখিত ঘটনার ফলে আমি মানসিকভাবে অত্যন্ত ভেঙে পড়েছি এবং সামাজিকভাবে আমার সুনাম চরমভাবে ক্ষুন্ন হয়েছে বটে।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা এই যে, উপরোক্ত বিষয়টি সদয় বিবেচনা করে নরসিংদী জেলার মনোহরদী উপজেলার চর সাগরদী আলিম সিনিয়র মাদ্রাসা এর সভাপতি কর্তৃক বিগত ০১/১০/২০২৩ ইং তারিখে বেআইনি/ আইন বহির্ভূত এবং অবৈধভাবে আমাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ তাহার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানোগ ব্যবস্থা গ্রহণ করতে মর্জি হয়।

বিনীত

মোঃ আব্দুর রহিম

মোঃ আব্দুর রহিম

**অধ্যক্ষ**

**চর সাগরদী আলিম মাদ্রাসা**

মনোহরদী, নরসিংদী।

মোবাইল:০১৭১৪-৭২০৮৩৪।

তাং- ১৭/১০/২০২৬